[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বেরিং সাগর দক্ষিনে প্রশান্ত মহাসাগর। এখানে প্রায় আট হাজার মানুষ বসবাস করে।

এটি হলো চমৎকার সুন্দর দ্বীপপুঞ্জ এবং সামুদ্রিক প্রাণীর জন্য অভয়াজন্য। এখানে রয়েছে বিভিন্ন ধরনের সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণী, সামুদ্রিক পাখি, মাছ এবং শেলফিশের বৃহত্তম একটি অংশ। এছাড়াও এখানে রয়েছে স্টেলার সামুদ্রিক সিংহ, সামুদ্রিক ওটার, শর্ট -টেইলড অ্যালবার্টরস এবং তিমি মাছের মত প্রাণী। জাহাজ নিয়ে আইল্যান্ড এর পাশ দিয়ে গেলে দেখা যায় পাহাড়ের ওপর তুষারপাত। পাহাড়ের উপর তুষারপাত এবং উপত্যকায় তুষারপাতের দৃশ্য সত্যই মনোরম। যে কোন মানুষকেই মুগ্ধ করে দেবে এই অঞ্চলের জীববৈচিত্র্য।

এই অঞ্চলটি প্রত্যন্ত এবং অল্প জনবসতিপূর্ণ। তবে এই অঞ্চলে প্রচুর পরিমাণ মাছ পাওয়া যাওয়ার কারণে ফিশিং জাহাজ বৃদ্ধি পেয়েছে।

এই আইল্যান্ডের পাশ দিয়ে যাওয়ার সময় পাখির কিচিরমিচির আওয়াজ শোনা যায়, দেখা যায় তিমি মাছ। যদিও তিমি মাছের কিছু অংশই কেবল দেখা যায়।

আমাদের তোলা ছবিতে সামুদ্রিক পাখি এবং তিমি মাছের কিছু অংশ দেখা যাচ্ছে। সেই সাথে দেখা যাচ্ছে তুষারপাতের পর পাহাড়ের দৃশ্য।

বেরিং সাগর উত্তর প্রশান্ত মহাসাগরের অংশ। এই সাগরের অধিকাংশ এলাকা বেশিরভাগ সময় কুয়াশাচ্ছন্ন থাকে। শীতকালে দক্ষিনে সেন্ট ম্যাথিউ দ্বীপ পর্যন্ত সাগরটি জমাট বেঁধে যায়। বেরিং সাগর বিশ্বের বহু বিপন্ন প্রজাতির প্রাণীর জন্মস্থান ও নিরাপদ আশ্রয়। বিভিন্ন দুর্লভ প্রজাতির তিমি এখানে জন্ম নেয়। এছাড়াও প্রতিবছর বিভিন্ন প্রজাতির কয়েক কোটি শীতের পাখি এ অঞ্চলেই জন্ম নেয়।

আলিউশিয়ান দ্বীপপুঞ্জের পাশ দিয়ে জাহাজ নিয়ে যাওয়ার সময় আমরা ছোট বড় বিভিন্ন রকম তিমি মাছ দেখতে পাই। তিমি মাছ বা জাহাজের ক্ষয়ক্ষতি এড়াতে আমরা নিরাপদ দূরত্ব দিয়ে সেই জায়গাগুলো অতিক্রম করি। দেখলেই বোঝা যায় অঞ্চলটি সামুদ্রিক প্রাণীদের অভয়ারণ্য।

লেখক: মাস্টার মেরিনার
এক্স ক্যাডেট,বাংলাদেশ মেরিন একাডেমী চট্টগ্রাম।

মেহেরপুরে পুলিশের অভিযানে আটক ১২

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন মামলার ১২ আসামি গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আসামিদের মধ্যে নিয়মিত মামলার ৭, আদালতের পরোয়ানাভুক্ত জিআর মামলার ১. সিআর মামলায় ৪ জন রয়েছে।

মেহেরপুর সদর থানা পুলিশ ৭ জন ও গাংনী থানা পুলিশের অভিযানে ৫ জন আসামি গ্রেফতার করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরের আমঝুপিতে বোনের মৃত্যুর শোকে বড় ভাইয়ের মৃত্যু

বোন নবীছন নেছার মৃত্যুর ১৭ ঘন্টা পর মারা গেলেন তার বড় ভাই সুন্নত আলী।
ঘটনাটি মেহেরপুৃর সদর উপজেলার আমঝুপি গ্রামের পূর্বপাড়া এলাকার।

স্থানীয়রা জানান, বিগত ৫ রমজানের দিনে নবীছন নেছা ঘরে লেম্প

জালাতে গিয়ে অগ্নিদগ্ধ হন। তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। কিছুদিন চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছিলেন তিনি। অবশেষে গতকাল মঙ্গলবার (২ মে) সকাল ৮ টার সময় মারা যান তিনি। বিকালে দফন শেষ করে এসে ভাই সুন্নত আলী অসুস্থ হয়ে পড়েন। পরে মঙ্গলবার (২ মে) দিবাগত রাত তিনটার দিকে নিজ বাড়িতে মারা যান তিনি।

সুন্নত আলী স্থানীয় মসজিদের মুয়াজ্জিনের দায়ীত্ব পালন করতেন। সে ওই গ্রামের মৃত জাহিদ শেখের ছেলে।
কয়েক ঘন্টার ব্যবধানে ভাই বোনের মৃত্যু নিয়ে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

গাংনীতে‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সাথে ইউপি চেয়ারম্যানদের মতবিনিময়

‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ বাস্তবায়নে গাংনীতে ইউপি চেয়ারম্যান ও প্রবীণ ফুটবল খেলোয়াড়দের সাথে প্রস্তুতিমুলক সভা করেছে টুর্ণামেন্ট আয়োজক কমিতি।

আজ মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির আহবানে প্রস্তুতিমুলক মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন গাংনী উপজেলার কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

গাংনীতে বিদ্যুত স্পৃষ্টে গার্মেন্টস কর্মীর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামে বিদ্যুত স্পৃষ্ট হয়ে আব্দুলাহ (২৭) নামের এক গার্মেন্টস কর্মীর মৃত্যু হয়েছে। নিহত আব্দুলাহ ভোলাডাঙ্গা গ্রামের মুনসুর আলীর ছেলে। আব্দুল্লাহ ঢাকার একটি গার্মেন্টসে চাকরী করছিলেন।

মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে ভোলাডাঙ্গা গ্রামের আব্দুল মালেক এর বাড়িতে বিদ্যুত চালিত মোটর (সেচপাম্প) মেরামত করার সময় এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান,আব্দুলাহ ঢাকার একটি গার্মেন্টসে চাকরী করছিলেন। গেলো ঈদুল ফিতরের ছুটিতে তিনি ঢাকা থেকে বাড়িতে আসছিলেন। মঙ্গলবার তার দোলা ভাই একই গ্রামের আব্দুল মালেক এর বাড়িতে নষ্ট হয়ে যাওয়া মোটর (সেচপাম্প) মেরামত করছিলেন। অসাবধানবশত বিদ্যুত লাইনের তারে শরীরে স্পর্শ করে। এসময় আব্দুলাহ মারাত্বক ভাবে আহত হন। প্রতিবেশীরা তাকে উদ্ধার করে স্থানীয় একটি চিকিৎসা কেন্দ্রে নিলে,কর্তব্যত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মেহেরপুরে ১ কেজি গাঁজাসহ আটক ১

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুরের গাংনী ক্যাম্পের একটি টীম অভিযান চালিয়ে এক কেজি গাঁজাসহ মোঃ মামুন ওরফে মুন্না হোসেন মন্ডল(১৯) নামের এক যুবককে আটক করেছে।

আটক মোঃ মামুন ওরফে মুন্না হোসেন মন্ডল(১৯) কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ধর্মদহ গ্রামের মকবুল হোসেনের ছেলে।

আজ মঙ্গলবার (২ মে) বেলা দেড়টার দিকে র্যাব-১২ সিপিসি গাংনী ক্যাম্পের কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম

ফারুকের নেতৃত্বে ধর্মদহ এলাকায় গোপন সংবাদে অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ মুন্নাকে গ্রেফতার করে। এ সময় তার নিকট থেকে মাদক-ক্রয় বিক্রয়ের কাজে ব্যবহৃত ১টি মোবাইল জব্দ করা হয়।

এঘটনায় দৌলতপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গ্রফতারকৃত আসামীকে হস্তান্তর করা হয়েছে।

গাংনী মহিলা কলেজে শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন সংস্কার পরিকল্পনা গ্রহণ

গাংনী মহিলা ডিগ্রি কলেজের শিক্ষার মান উন্নয়নে স্টুডেন্ট কাউন্সিল, রোভার স্কাউট, হাজিরা, খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চাসহ বিভিন্ন সংস্কার পরিকল্পনা গ্রহণ করেছে কলেজ পরিচালনা পর্ষদ।

আজ মঙ্গলবার দুপুরে কলেজের অধ্যক্ষের কার্যালয়ে এ সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। কলেজে অধ্যক্ষ খোরশেদ আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি এম এ এস ইমন।

অন্যদের মধ্যে বক্তব্য দেন উপাধাক্ষ নাসির উদ্দিন, প্রভাষক রমজান আলী, সাইফুর রহমান, আসমা আক্তার বানু প্রমুখ।

সভায় স্টুডেন্ট কাউন্সিল সম্পর্কে প্রধান অতিথি বলেন, কলেজের শিক্ষার্থীরা এই কাউন্সিলের মাধ্যমে তাদের পারস্পরিক সম্পর্ক উন্নত করতে পারবে। একই ভাবে তারা কোন সমস্যার সন্মুখিন হচ্ছে কিনা, লেখাপড়া করতে গিয়ে কোন বাধাপ্রাপ্ত হচ্ছে কিনা সেগুলো আলোচনার মাধ্যমে সমাধান করা সম্ভব হবে। লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, স্কাউটিং সহ নানামুখি সংস্কার উদ্যোগ গ্রহণ করা হয় ।

[redacted]

[redacted]

প্রদান করেন। এতে আসামি আব্দুল আউয়াল দোষী প্রমাণিত হওয়ায় আদালত তাকে ৮ বছর সশ্রম কারাদণ্ড, ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ডাদেশ দেন।

মামলায় ৩৪১ ধারায় আব্দুল আওয়াল কে এক মাসের কারাদন্ডাদেশ দেওয়া হয়। মামলায় রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজী শহিদুল হক এবং আসামী পক্ষে অ্যাডভোকেট শফিকুল আলম কৌশলী ছিলেন।

তবে, মামলার রায়ে অসন্তোষ প্রকাশ করে মামলার বাদী আবুল কাশেম বলেন, এই রায় আমি মানিনা। রায়ের বিরুদ্ধে আমি উচ্ছ আদালতে অ্যাপিল করবো। দিনে দুপুরে আমার ছেলে সবার সামনে হাতুড়ি পেটা করে হত্যা করলো। সবাই স্বাক্ষী দিলো। অথচ, এই চাঞ্চল্যকর হত্যা মামলায় মাত্র ৮ বছরের কারাদন্ড দিলো। এই রায় আমি মানতে পারছিনা।

আসামি পক্ষের আইনজীবি অ্যাডভোকেট একেএম শফিকুল আলম বলেন, এই রায়ের মধ্য দিয়ে আদালত ন্যায় বিচার করেছে। আমরা রায়ে সন্তোষ প্রকাশ করছি।

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে গাংনীর ইউএনও

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট গ্রামে আগুন লেগে অসহায় দুটি পরিবারের বসতঘর পুড়ে ছাই হয়েছে। এ ঘটনার এক দিন না পেরুতেই গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) সাজিয়া সিদ্দিকা সেতু অগ্নিকাণ্ডের ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবার দুটির পাশে দাড়িয়েছেন।

স্থানীয় সূত্রে জানা যায়, গত রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলার বাওট গ্রামের মৃত আব্দুর রহিমের দুই ছেলের বসত ঘরে আগুন লেগে সবকিছু পুড়ে ছাই হয়ে যায়। এতে মারাত্মকভাবে ক্ষতির সম্মুখীন হয়ে খেটে খাওয়া অসহায় পরিবার দুটি দুশ্চিন্তায় ভুগছেন; এমন ঘটনা শুনে (১লা মে) সোমবার বেলা ১২ টার দিকে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ওই দুটি পরিবারের লোক জনের সাথে সাক্ষাৎ করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। এ সময় তিনি দুটি পরিবারের

লোক জনের প্রতি সমবেদনা জানান ও নগদ অর্থ প্রদান করেন। এবং সরকারি আরো সহোযোগিতার প্রতিশ্রুতিও দেন তিনি।

এবিষয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, ঘটনার দিন সকালেই মটমুড়া ইউনিয়নের বাওট গ্রামে অগ্নিকাণ্ডের বিষয়টি আমি শুনি কিন্তু এসএসসি পরীক্ষার দায়িত্ব নিয়ে ব্যস্ত থাকার কারণে তৎক্ষনাৎ আমি আসতে পারিনি। পরবর্তীতে আজকে এসেছি নিজ চোখে দেখার জন্য; এখানে এসে যেটি দেখলাম দুই পরিবারের বসতঘর, রান্নাঘর, গুরুত্বপূর্ণ আসবাবপত্র সহ বেশকিছু ক্ষয়ক্ষতি হয়েছে। আমি তাদেরকে উপজেলা প্রশাসনের পক্ষে থেকে তাৎক্ষণিক কিছু সহয়তা করেছি এবং তারা যদি আবেদন করে তাহলে সরকারি সহোযোগিতা দেওয়া হবে এমন আশ্বাস দিয়েছি।

এদিকে ইউএনও’র সহোযোগিতা ও আশ্বাসে নতুন করে ঘর বাধার স্বপ্ন দেখছেন অসহায় ওই দুটি পরিবার।